14

দৈনিক বাংলা

তারিখ ... 10 APR 1995 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৭ ...

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়

# একটি বিশেষ ঘোষণা

## ১৯৯৪ সালের এইচএসসি ও আলিম পরীক্ষার কৃতী ছাত্র/ছাত্রীদের সংবর্ধনা অনুষ্ঠানের সময়সূচী পরিবর্তন

শিক্ষা মন্ত্রণালয় আয়োজিত মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা, কুমিল্লা, রাজশাহী ও যশোর বোর্ডের ১৯৯৪ সালের এইচএসসি পরীক্ষায় সম্মিলিত (ক) বিজ্ঞান, কৃষি বিজ্ঞান ও গার্হস্থ্য অর্থনীতি (খ) মানবিক, ইসলামী শিক্ষা ও সঙ্গীত (গ) বাণিজ্য শাখার এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ১৯৯৪ সালের আলিম পরীক্ষায় সম্মিলিত ১ম থেকে ২০তম স্থান অধিকারী ছাত্র/ছাত্রীদের সংবর্ধনা অনুষ্ঠানটি অনিবার্য কারণবশত আগামী ১৩ই এপ্রিল '৯৫ বৃহস্পতিবার বিকাল ৪-৩০টার পরিবর্তে আগামী ১৫ই এপ্রিল '৯৫ রোজ শনিবার সকাল ১১-৩০ মিনিটে ঢাকাস্থ ওসমানী স্মৃতি মিলনায়তনে অনুষ্ঠিত হবে।

উক্ত সংবর্ধনা অনুষ্ঠানে মাননীয়া প্রধানমন্ত্রী কৃতী ছাত্র/ছাত্রীদের মধ্যে সার্টিফিকেট ও পুরস্কার বিতরণ করবেন। সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠান প্রধানগণকে ১ম থেকে ২০তম স্থান অধিকারী ছাত্র/ছাত্রীসহ রেজিস্ট্রেশনের জন্য আগামী ১৪ই এপ্রিল '৯৫ শুক্রবার বিকাল ৩-০০টায় ওসমানী স্মৃতি মিলনায়তনে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ জানানো যাচ্ছে।

ডিএফপি-৮৮০৭-৮/৪ জি-৩৩২৫(৬x২)